

■■ সহীহ বুখারী (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৪০৩১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৩৭০]
৫১/ মাগাযী (যুদ্ধাভিযান) (کتاب المغازی)
পরিচ্ছেদঃ ২২৩৩. আবদুল কায়স গোত্রের প্রতিনিধি দল

باب وَفْدُ عَبْدِ الْقَيْسِ

আরবী

حدَّثَنَا يَحْيَى بْنُ سُلْيَمَانَ، حَدَّتَنِي ابْنُ وَهْب، أَخْبَرِنِي عَمْرٌو،. وَقَالَ بَكُرُ بْنُ مُضَرَ عَنْ عَمْرِو بْنِ الْحَارِث، عَنْ بُكَيْرٍ، أَنَّ كُرَيْبًا، مَوْلَى ابْنِ عَبَّاسٍ حَدَّتَهُ أَنَّ ابْنَ عَبَّاسٍ وَعَبْدَ الرَّحْمَنِ بْنَ أَزْهَرَ وَالْمِسُورَ بْنَ مَخْرَمَةَ أَرْسَلُوا إِلَى عَائِشَةَ ـ رضى الله عنها ـ فَقَالُوا اقْرَأْ عَلَيْهَا السَّلاَمَ مِنَّا جَمِيعًا، وَسَلُهَا عَنِ الرَّكُعْتَيْنِ بَعْدَ الْعَصْرِ، وَإِنَّا أُخْبِرْنَا أَنَّكُ تُصلِّلِها، عَلَيْهَا السَّلاَمَ مِنَّا جَمِيعًا، وَسَلُها عَنِ الرَّكُعْتَيْنِ بَعْدَ الْعَصْرِ، وَإِنَّا أُخْبِرْنَا أَنَّكُ تُصلِّلِها، وَسَلَّهَ عَنْهَا، قَالَ ابْنُ عَبَّاسٍ وَكُنْتُ أَصْرِبُ مَعَ عُمْرَ النَّاسَ عَنْهُمَا. قَالَ كُرَيْبٌ فَدَخَلْتُ عَلَيْهَا، وَبَلَغْتُهَا مَا أَرْسَلُونِي إِلَى عَائِشَةَ، فَقَالَتْ أَمُّ سَلَمَةَ بِمِثْلِ مَا أَرْسَلُونِي إِلَى عَائِشَةَ، فَقَالَتْ أُمُّ سَلَمَةَ مِمْرَ النَّسِ عَنْهُمَا، فَإَنْ الْعَصْرَ ثُمَّ دَخَلَ عَلَى سَمِعْتُ النَّبِيَّ صلى الله عليه وسلم يَنْهَى عَنْهُمَا، وَإِنَّهُ صَلَّى الْعَصْرَ ثُمَّ دَخَلَ عَلَى وَعِنْدِي بِسُوّةٌ مِنْ بَنِي حَرَامٍ مِنَ الأَنْصَارِ، فَصَلَاهُمَا، فَأَرْسُلْتُ إِلَيْهِ الْخَادِمَ فَقُلْتُ قُومِي وَعِنْدِي بِسُوّةٌ مِنْ بَنِي حَرَامٍ مِنَ الأَنْصَارِ، فَصَلَاهُمَا، فَأَرْسُلْتُ إِلَيْهِ الْخَادِمَ فَقُلْتُ قُومِي وَعْدُولِي تَقُولُ أُمُّ سَلَمَةَ يَا رَسُولَ اللَّهِ أَلْمُ أَسْمَعُكَ تَنْهَى عَنْ هَاتَيْنِ اللَّادِهِ الْحُادِمِ فَقُولِي تَقُولُ أَمْ سَلَمَةً يَا رَسُولَ اللَّهِ أَلْمُ الْمُعْرَبِ الْجَارِيَةُ، فَأَمْا انْصَرَفَ قَالَ " يَا بِنْتَ أَبِي أُمْيَةً، سَأَلْتِ عَنِ الرَّكُعْتَيْنِ بَعْدَ الْعُصْرِ، إِنَّهُ أَتَانِي عَنْ الرَّكُعْتَيْنِ اللَّتَيْنِ بَعْدَ الْغُهْرِ، وَمُ اللهُ الْمُ الْمُ مَنْ قَوْمِهِمْ، فَشَغَلُونِي عَنِ الرَّكُعْتَيْنِ اللَّتَيْنِ بَعْدَ الظُهْرِ، وَمُنَا الْسُولُ اللَّهُ الْمَالِ اللهُ الْمُ الْسُلُونِ عَنِ الرَّكُعْتَيْنِ اللَّتَيْنِ بَعْدَ الظُهْرِ، وَلَالْتَلُونِ اللَّهُ الْسُلُونِ اللَّهُ الْمُلَا الْمُعْمَ الْمُالَا اللَّهُ الْلَهُ الْمَلْمَ الْمُ الْمُهُمُ الْمُنَانِ اللَّهُ الْمَالِ الْمَالِهُ الْمُعْمَ الْمُنْ الْمُولِ اللَّهُ

বাংলা

৪০৩১। ইয়াহ্ইয়া ইবনু সুলায়মান ও বকর ইবনু মুদার (রহঃ) ... বুকাইর (রাঃ) থেকে বর্নিত, (তিনি বলেন), ইবনু আব্বাস (রাঃ) এর আযাদকৃত গোলাম কুরাইব (রহঃ) তাকে বর্ননা করেছেন, ইবনু আব্বাস, আবদুর রহমান ইবনু আযহার এবং মিসওয়ার ইবনু মাখরামা (রহঃ) (এ তিনজনে) আমাকে আয়িশা (রাঃ) এর কাছে পাঠিয়ে বললেন,



তাঁকে আমাদের সবার পক্ষ থেকে সালাম জানাবে। এবং তাঁকে আসরের পরের দু'রাকাত সালাত (নামায/নামাজ) সম্পর্কে জিজ্ঞাসা করবে। কারন আমরা অবহিত হয়েছি যে, আপনি নাকি এই দু'রাকাত সালাত আদায় করেন অথচ রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এ দু'রাকাত সালাত আদায় করতে নিষেধ করেছেন- এ হাদীসও আমাদের কাছে পৌঁছেছে। ইবনু আব্বাস (রাঃ) বলেন, আমি উমর (রাঃ) সহ এ দু'রাকাত সালাত আদায়কারী লোকদেরকে প্রহার করতাম।

কুরায়ব (রহঃ) বলেন, আমি তাঁর [আয়িশা (রাঃ)] কাছে গেলাম এবং আমাকে যে ব্যাপারে পাঠিয়েছেন তা জানালাম। তিনি বললেন, বিষয়টি উম্মে সালমা (রাঃ) এর কাছে জিজ্ঞাসা কর। এরপর আমি তাঁদেরকে [আয়িশা (রাঃ) এর জবাবের কথা] জানালে তাঁরা আবার আমাকে উম্মে সালমা (রাঃ) এর কাছে পাঠালেন এবং আয়িশা (রাঃ) এর কাছে যা বলতে বলেছিলেন সেসব কথা তাঁর কাছেও গিয়ে বলতে বললেন।

তখন উন্মে সালমা (রাঃ) বললেন, আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে শুনেছি যে, তিনি দু'রাকাত সালাত (নামায/নামাজ) আদায় করা থেকে নিষেধ করেছেন। কিন্তু একদিন তিনি আসরের সালাত (নামায/নামাজ) আদায় করে আমার ঘরে প্রবেশ করলেন। এ সময় আমার কাছে ছিল আনসারদের বনী হারাম গোত্রের কতিপয় মহিলা। তখন রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম দু'রাকাত সালাত (নামায/নামাজ) আদায় করলেন। আমি তা দেখে খাদীমা কে পাঠিয়ে বললাম, তুমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম এর পাশে গিয়ে দাঁড়াবে এবং বলবে, 'উম্মে সালমা (রাঃ) আপনাকে এ কথা বলেছেন, ইয়া রাসূলাল্লাহ! আমি কি আপনাকে এ দু'রাকাত আদায় করা থেকে নিষেধ করতে শুনিনি? অথচ দেখতে পাচ্ছি, আপনি সেই দু'রাকাত আদায় করছেন।এরপর যদি তিনি হাত দিয়ে ইশারা করেন তাহলে পিছনে সরে যাবে।

খাদীমা গিয়ে (সেভাবে কথাটি) বলল। তিনি হাত দিয়ে ইশারা করলেন। খাদীমা পেছনের দিকে সরে গেল। এরপর সালাত (নামায/নামাজ) সেরে তিনি বললেন, হে আবূ উমাইয়ার কন্যা! (উদ্মে সালমা) তুমি আমাকে আসরের পরের দু'রাকাত সালাত (নামায/নামাজ)-এর কথা জিজ্ঞাসা করছ। আসলে আজ আবদুল কায়স গোত্র থেকে তাদের কয়েকজন লোক আমার কাছে ইসলাম গ্রহন করতে এসেছিল। তাঁরা আমাকে ব্যাস্ত রাখার কারনে যুহরের পরের দু'রাকাত সালাত (নামায/নামাজ) আদায় করার সুযোগ আমার হয়নি। আর সেই দু'রাকাত হল এ দু'রাকাত সালাত (নামায/নামাজ)।

English

Narrated Bukair:

That Kuraib, the freed slave of Ibn `Abbas told him that Ibn `Abbas, `Abdur-Rahman bin Azhar and Al-Miswar bin Makhrama sent him to `Aisha saying, "Pay her our greetings and ask her about our offering of the two-rak`at after `Asr Prayer, and tell her that we have been informed that you offer these two rak`at while we have heard that the Prophet (ﷺ) had forbidden their offering." Ibn `Abbas said, "I and `Umar used to beat the people for their



offering them." Kuraib added, "I entered upon her and delivered their message to her.' She said, 'Ask Um Salama.' So, I informed them (of `Aisha's answer) and they sent me to Um Salama for the same purpose as they sent me to `Aisha. Um Salama replied, 'I heard the Prophet (ﷺ) forbidding the offering of these two rak`at. Once the Prophet (ﷺ) offered the `Asr prayer, and then came to me. And at that time some Ansari women from the Tribe of Banu Haram were with me. Then (the Prophet (ﷺ)) offered those two rak`at, and I sent my (lady) servant to him, saying, 'Stand beside him and say (to him): Um Salama says, 'O Allah's Messenger (ﷺ)! Didn't I hear you forbidding the offering of these two rak`at (after the `Asr prayer yet I see you offering them?' And if he beckons to you with his hand, then wait behind.' So the lady slave did that and the Prophet (ﷺ) beckoned her with his hand, and she stayed behind, and when the Prophet (ﷺ) finished his prayer, he said, 'O the daughter of Abu Umaiya (i.e. Um Salama), You were asking me about these two rak`at after the `Asr prayer. In fact, some people from the tribe of `Abdul Qais came to me to embrace Islam and busied me so much that I did not offer the two rak`at which were offered after Zuhr compulsory prayer, and these two rak at (you have seen me offering) make up for those."

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ বুকায়র ইবন আব্দুল্লাহ (রহঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন